

বাংলাদেশ ট্যারিফ কমিশন



কাউন্টারভেইলিং শুল্ক
COUNTERVAILING DUTY

www.btc.gov.bd
info@btc.gov.bd

কাউন্টারভেইলিং শুল্ক COUNTERVAILING DUTY

বাংলাদেশের কাউন্টারভেইলিং আইন ও বিধি অনুযায়ী সরকার বিদেশী রপ্তানিকারকদের অনৈতিক (Unfair) বাণিজ্য চর্চা থেকে দেশীয় শিল্পের ন্যায্যসংগত স্বার্থ সংরক্ষণের জন্য কাউন্টারভেইলিং শুল্ক আরোপ করতে পারে।

১.০০ ভর্তুকি (Subsidy)

- কোন পণ্যের উৎপাদন, প্রক্রিয়াজাতকরণ ও রপ্তানি পর্যায়ের যে কোন এক বা একাধিক ক্ষেত্রে কোন দেশের সরকার বা অন্য কোন রাষ্ট্রীয় সংস্থা কর্তৃক প্রত্যক্ষ বা পরোক্ষভাবে প্রদত্ত আর্থিক সহায়তা যা সংশ্লিষ্ট ব্যক্তি বা প্রতিষ্ঠানকে সুবিধা প্রদান করে তাকে ভর্তুকি বলা হয়।

২.০০ কাউন্টারভেইলিং শুল্ক আরোপের পূর্বশর্ত

- বাংলাদেশে এতৎসংক্রান্ত আইন ও বিধি অনুযায়ী নিম্নলিখিত তিনটি বিষয় নিশ্চিত হওয়া সাপেক্ষে কাউন্টারভেইলিং শুল্ক আরোপ করা যাবে : (১) বাংলাদেশে আমদানিকৃত পণ্যে রপ্তানিকারক দেশ ভর্তুকি প্রদান করছে (২) ভর্তুকিপ্ৰাপ্ত পণ্য আমদানির ফলে অনুরূপ পণ্য উৎপাদনকারী দেশীয় শিল্পের স্বার্থহানি হয়েছে বা হওয়ার সম্ভাবনা বিদ্যমান এবং (৩) ভর্তুকিপ্ৰাপ্ত পণ্য আমদানির কারণেই উক্ত স্বার্থহানি হয়েছে (অর্থাৎ যেখানে কার্যকারণ সম্পর্ক/Causal Link রয়েছে)। আইন ও বিধি অনুযায়ী সরকার কর্তৃক দায়িত্বপ্রাপ্ত কর্তৃপক্ষ দেশীয় শিল্প প্রতিষ্ঠানের আবেদনের প্রেক্ষিতে তদন্ত কাজ পরিচালনার মাধ্যমে উপর্যুক্ত তিনটি বিষয়ে নিশ্চিত হবে।
- বহিঃশুল্ক (ভর্তুকিপ্ৰাপ্ত পণ্য সনাক্তকরণ, শুল্কায়ন ও ভর্তুকি বিরোধী শুল্ক এবং স্বার্থহানি নিরূপণ) বিধিমালা, ১৯৯৬ এর বিধি ৩ এর উপ-বিধি (১) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার বাংলাদেশ ট্যারিফ কমিশন (Bangladesh Tariff Commission) এর চেয়ারম্যানকে ভর্তুকিপ্ৰাপ্ত পণ্য আমদানির কারণে ক্ষতিগ্রস্ত শিল্পের তথ্য-প্রমাণসহ আবেদন গ্রহণ ও তদন্তকাজ পরিচালনার উদ্দেশ্যে দায়িত্বপ্রাপ্ত কর্তৃপক্ষ (Designated Authority) হিসেবে নিয়োগ করেছে।

৩.০০ দেশীয় শিল্প প্রতিষ্ঠান কর্তৃক প্রদত্ত তথ্যের গোপনীয়তা রক্ষণ

- তদন্তকালে দায়িত্বপ্রাপ্ত কর্তৃপক্ষ প্রাপ্ত কোন তথ্য গোপনীয় বলে মনে করলে অথবা তথ্য প্রদানকারী প্রতিষ্ঠান উক্ত তথ্যকে গোপনীয় হিসেবে বিবেচনা করার অনুরোধ জানালে দায়িত্বপ্রাপ্ত কর্তৃপক্ষ প্রদত্ত তথ্য-প্রমাণাদি গোপনীয় হিসেবে বিবেচনা করবে এবং ক্ষেত্রমত আবেদনকারী বা এরূপ তথ্য প্রদানকারীর অনুমতি ছাড়া প্রকাশ করবে না।

৪.০০ তদন্ত পরিচালনার পদ্ধতি

- ভর্তুকির কারণে দেশীয় শিল্পের স্বার্থহানি হয়েছে এমন অভিযোগ সম্বলিত আবেদনপত্র সরাসরি বাংলাদেশ ট্যারিফ কমিশনের চেয়ারম্যান সমীপে দাখিল করতে হবে।
- বাংলাদেশ ট্যারিফ কমিশন আবেদন পত্রের সমর্থনে তথ্য-প্রমাণাদি প্রেরণের জন্য Application for Countervailing Duties - শীর্ষক নির্ধারিত ছক আবেদনকারীর নিকট প্রেরণ করবে। উক্ত ছক বাংলাদেশ ট্যারিফ কমিশনের ওয়েব সাইট থেকেও সংগ্রহ করা যাবে।
- নির্ধারিত ছকের তথ্য-প্রমাণাদি পর্যাপ্ত ও নির্ভরযোগ্য না হলে শুল্ক আরোপ করা সম্ভব হবে না।
- অভিযোগের যথার্থতার প্রাথমিক প্রমাণ পেলে বাংলাদেশ ট্যারিফ কমিশন তদন্ত আরম্ভ করার সিদ্ধান্ত গ্রহণ করবে এবং এ সম্পর্কে একটি গণবিজ্ঞপ্তি জারি করবে যাতে প্রাপ্ত অভিযোগ ও তদন্ত সংশ্লিষ্ট প্রয়োজনীয় তথ্য থাকবে।

- বাংলাদেশ ট্যারিফ কমিশন বিজ্ঞপ্তি জারি করে নির্ধারিত ছকে রপ্তানিকারক, বিদেশী উৎপাদনকারী, আমদানিকারক এবং অন্যান্য আগ্রহী পক্ষের নিকট হতে তথ্য আহ্বান করবে। উক্ত তথ্য বিজ্ঞপ্তি জারির ত্রিশ দিনের মধ্যে অথবা উপযুক্ত কারণের ভিত্তিতে বাংলাদেশ ট্যারিফ কমিশন কর্তৃক বর্ধিত সময়সীমার মধ্যে প্রদান করতে হবে।
- অভিযোগের যথার্থতা প্রাথমিকভাবে প্রমাণিত হলে বাংলাদেশ ট্যারিফ কমিশন ভর্তুকিপ্রাপ্ত পণ্যের উপর 'ভর্তুকি'র মাত্রার অনধিক পরিমাণ সাময়িক শুল্ক আরোপের জন্য প্রাথমিক রিপোর্ট প্রণয়ন করে একটি গণবিজ্ঞপ্তি জারি করবে। তবে বাংলাদেশ ট্যারিফ কমিশন কর্তৃক তদন্ত আরম্ভ করার সিদ্ধান্ত সম্পর্কিত গণবিজ্ঞপ্তি জারির তারিখ হতে ৬০ দিন উল্লীর্ণ হওয়ার পূর্বে এরূপ শুল্ক আরোপ করা যাবে না।
- বাংলাদেশ ট্যারিফ কমিশন তদন্ত আরম্ভ করার এক বছরের মধ্যে তদন্তাধীন পণ্য ভর্তুকিপ্রাপ্ত হয়েছে কিনা তা নিরূপণ করে সরকারের নিকট চূড়ান্ত প্রতিবেদন প্রদান করবে। তবে সরকার ব্যতিক্রমী পরিস্থিতিতে উল্লিখিত সময়সীমা ছয় মাস পর্যন্ত বর্ধিত করতে পারবে।
- বাংলাদেশ ট্যারিফ কমিশন চূড়ান্ত প্রতিবেদন প্রণয়ন করে একটি গণবিজ্ঞপ্তি জারি করবে।
- বাংলাদেশ ট্যারিফ কমিশন কর্তৃক চূড়ান্ত প্রতিবেদন প্রকাশের তিন মাসের মধ্যে সরকার গেজেটে প্রজ্ঞাপন দ্বারা চূড়ান্ত প্রতিবেদনের আওতাভুক্ত পণ্য বাংলাদেশে আমদানির উপর কাউন্টারভেইলিং শুল্ক আরোপ করতে পারবে এবং উক্ত শুল্কের পরিমাণ নির্ণীত ভর্তুকি এর মাত্রার অধিক হবে না।

আরো তথ্যের জন্য যোগাযোগঃ



বাংলাদেশ ট্যারিফ কমিশন

১ম ১২ তলা সরকারী অফিস ভবন (১০ম তলা),

সেগুনবাগিচা, ঢাকা-১০০০

ফোনঃ চেয়ারম্যান-৯৩৪০২০৯

বাণিজ্য প্রতিবিধান বিভাগঃ ৯৩৩৫৯৯৩, ৯৩৩৫৯৯৪,

৯৩৩৬৪৪৭, ৯৩৩৫৯৩৫

ফ্যাক্সঃ ৮৮-০২-৯৩৪০২৪৫

ওয়েব পোর্টালঃ www.btc.gov.bd

ই-মেইলঃ info@btc.gov.bd